

ৰ আল-হজ্জ | Al-Hajj | الْحَجّ |

আয়াতঃ ২২:8

💵 আরবি মূল আয়াত:

كُتِبَ عَلَيهِ أَنَّهُ مَن تَوَلَّاهُ فَأَنَّهُ يُضِلُّهُ وَ يَهدِيهِ إِلَى عَذَابِ السَّعِيرِ ﴿٢﴾

তার সম্পর্কে নির্ধারণ করা হয়েছে যে, যে তার সাথে বন্ধুত্ব করবে সে অবশ্যই তাকে পথভ্রষ্ট করবে এবং তাকে প্রজ্জুলিত আগুনের শাস্তির দিকে পরিচালিত করবে। — আল-বায়ান

যার (অর্থাৎ শয়ত্বানের) সম্পর্কে বিধান করা হয়েছে যে, যে কেউ তার সঙ্গে বন্ধুত্ব গড়বে, সে তাকে বিপথগামী করবে, আর তাকে প্রজ্বলিত অগ্নি শাস্তির দিকে পরিচালিত করবে। — তাইসিরুল

তার সম্বন্ধে এই নিয়ম করে দেয়া হয়েছে যে, যে কেহ তার সাথে বন্ধুত্ব করবে সে তাকে পথভ্রষ্ট করবে এবং তাকে পরিচালিত করবে প্রজ্ব্বলিত অগ্নির দিকে। — মুজিবুর রহমান

It has been decreed for every devil that whoever turns to him - he will misguide him and will lead him to the punishment of the Blaze. — Sahih International

8. তার সম্বন্ধে লিখে দেয়া হয়েছে যে, যে কেউ তাকে অভিভাবক বানাবে সে তাকে পথভ্রষ্ট করবে এবং তাকে পরিচালিত করবে। প্রজ্জ্বলিত আগুনের শাস্তির দিকে।

তাফসীরে জাকারিয়া

- (৪) তার সম্বন্ধে এই নিয়ম করে দেয়া হয়েছে যে, [1] যে কেউ তার সাথে বন্ধুত্ব করবে, সে তাকে পথভ্রষ্ট করবে এবং তাকে পরিচালিত করবে প্রজ্জ্বলিত অগ্নির শাস্তির দিকে।
 - [1] অর্থাৎ, শয়তান সম্পর্কে বিধি-লিপিতে এই রকমই স্থিরীকৃত আছে।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=2599

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন